


বঙ্গবন্ধু বার্তা

সমৃদ্ধির সহযাত্রী

বৃহস্পতিবার

ঢাকা ■ জুলাই ১২, ২০১৮ । আষাঢ় ২৮, ১৪২৫



আন্তর্জাতিক সম্মেলনে ডিআইইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানের প্রবন্ধ উপস্থাপন

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্কুলে সম্প্রতি অনুষ্ঠিত অষ্টম আন্তর্জাতিক বিশ্ব অর্থনীতির পুনর্গঠন সম্মেলনে প্রধান আলোচক হিসেবে প্রবন্ধ উপস্থাপন করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান। তার প্রবন্ধের শিরোনাম ছিল 'বৈশ্বিক উদ্যোক্তাবৃত্তির দ্রুত উন্নয়ন ও উদ্ভাবন এবং বাংলাদেশের বিশেষ উদাহরণ'। সম্মেলনে সভাপতিত্ব করেন একাডেমি অব বিজনেস অ্যান্ড রিটেইল ম্যানেজমেন্টের (এবিআরএম) নির্বাহী চেয়ার ড. পি পি দত্ত।